রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৩২ তারিখঃ ২৭/০২/২০২৩খ্রিঃ

## সভা নং-২৪

পৌর পরিষদের মাসিক (ফেব্রুয়ারী'২০২৩খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ
সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।
তারিখ: ২৭/০২/২০২৩খ্রিঃ
সময়: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান: পৌরসভা সভাকক্ষ।
সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | স্বাক্ষরিত |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | স্বাক্ষরিত |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | স্বাক্ষরিত |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর উপস্থিত সকলে তাদের পরিচয় পর্ব শেষ করেন। সভা পরিচালনা করার জন্য মেয়র মহোদয় সচিব রামগতি পৌরসভাকে আহবান করেন।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ- | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.বি.এম শাহজাহান, কার্য সহকারী কর্তৃক বিগত সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন না থাকায় তা অনুমোদন দেওয়া হয়। | কোন সংশোধনি না থাকায় ২৬/০১/২০২৩ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। |
| ০২ | IUGIP-III প্রকল্পের জন্য বর্ণনা মূল্যক Inventory প্রস্তুত পূর্বক প্রেরণ প্রসঙ্গে পর্যালোচনাঃ | সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক IUGIP-III প্রকল্পের জন্য দাতা সংস্থার চাহিদা অনুযায়ী পৌরসভা সমূহের রোড/ড্রেন, ফুটপাত ও অন্যান্য স্থাপনার তথ্য সংগ্রহ করে প্রকল্প অফিসে প্রেরণ করার জন্য প্রকল্প অফিস চিঠি প্রদান করেছেন। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, পৌরসভার জন্য রোড ইনভেন্টরী প্রস্তুত কালে সংশ্লিষ্ট ও সংরক্ষিত কাউন্সিলরদের কে সাথে নিয়ে প্রত্যেকটি সড়ক/কালভার্ট/ড্রেন ও মার্কেটের Inventory-প্রস্তুত করতে হবে। এতে করে পৌরসভার সকল কিছু সঠিক তথ্য উপাত্ত বের হয়ে আসবে। প্রকৃত তথ্য সংরক্ষিত থাকবে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে IUGIP-III প্রকল্পের জন্য দাতা সংস্থার চাহিদা অনুযায়ী পৌরসভা সমূহের রোড/ড্রেন, ফুটপাত ও অন্যান্য স্থাপনার তথ্য সংগ্রহ করে কাউন্সিলরদের কে সাথে নিয়ে Inventory-প্রস্তুত করার জন্য সহকারী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন। |
| ০৩ | উন্নয়ন মূল্যক আলোচনাঃ | ৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ফারুকুল ইসলাম বাবলু সভায় জানান যে, তার ওয়ার্ডে বেশ কিছু কাঁচা সড়ক রয়েছে। তিনি সড়ক গুলোর উন্নয়ন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। তার উক্ত প্রস্তাবে সংরক্ষিত কাউন্সিলর জনাব নাছিমা বেগম একমত পোষণ করেন।<br><br>৪নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ নুর নবী সভায় জানান যে, তার ওয়ার্ডের ১) এ. আখের সড়ক ২) মুক্তিযোদ্ধা সফিক মেম্বার সড়ক ৩) সাহাপাড়া দুর্গা মন্দির সড়ক ৪) মানিক পাটওয়ারী সড়কসহ ক্ষতিগ্রস্থ সড়ক গুলো জরুরী ভিত্তিতে উন্নয়ন করা প্রয়োজন। তিনি বিষটি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব তাপস চন্দ্র দাস সভায় জানান যে, তার ওয়ার্ডে ১) মুরালি মাষ্টার সড়ক ২) মুক্তিযোদ্ধা সোলাইনমান মিয়া সড়ক ৩) খান পাড়া সড়কের উন্নয়ন কাজ বাস্তবায়ন করা প্রয়োজন। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, তার নির্বাচনী ১,২ ও ৩নং ওয়ার্ডের ক্ষতিগ্রস্থ সড়ক সমূহের জরুরী ভিত্তিতে উন্নয়ন ও সংস্কার করা প্রয়োজন। তিনি বিষটি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | মেয়র মহোদয় উথাপিত প্রস্তাব সমূহ এবং পৌরসভার সকল ওয়ার্ডের ক্ষতিগ্রস্থ সড়ক সমূহ জরুরী ভিত্তিতে সংস্কার, উন্নয়ন মূল্যক কাজ করার জন্য সরেজমিনে পরিদর্শন ও পরিমাপ পূর্বক উন্নয়ন কাজ বাস্তবায়ন করার জন্য সহকারী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন। |

<table>
<tr>
<td>৪</td>
<td>পৌরসভার মাষ্টার রোল কর্মচারী মোঃ দিদার ও আবদুল মালেক মোল্লার মৃত্যুতে শোক প্রস্তাব ও শোকাহত পরিবারের প্রতি আর্থিক অনুদান প্রদান নিয়ে আলোচনাঃ</td>
<td>সহকারী প্রকৌশলী ও দায়িত্ব প্রাপ্ত সচিব জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, রামগতি পৌরসভার মাষ্টার রোল কর্মচারী মোঃ দিদার ও আবদুল মালেক মোল্লা আকষ্মিক ভাবে মৃত্যু বরণ করেন। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, আমাদের পৌরসভার মাষ্টার রোল কর্মচারী জনাব মাষ্টার রোল কর্মচারী মোঃ দিদার ও আবদুল মালেক মোল্লার আকষ্মিক মৃত্যুতে আমরা গভীর ভাবে শোকাহত। শোকাহত পরিবারের প্রতি সমবেদনা ও সহানুভূতি জ্ঞাপন করেন। তাদের প্রতি আর্থিক অনুদান প্রদান করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সভাই একমত পোষণ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, মাষ্টার রোল কর্মচারী মোঃ দিদার ও আবদুল মালেক মোল্লার মৃত্যুতে আমরা শোকাহত। আমি শোক সন্তপ্ত পরিবারের প্রতি মমবেদনা জাঞাপন করেন। শোকাহত পরিবারের প্রতি পৌরসভার পক্ষ থেকে আর্থিক অনুদান প্রদান করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব আকলিমা বেগম সভায় জানান যে, মাষ্টার রোল কর্মচারী মোঃ দিদার ও আবদুল মালেক মোল্লার মৃত্যুতে আমরা গভীর শোকাহত। আমরা শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানাচ্ছি এবং তাদের পরিবারকে পৌরসভার পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদান করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।</td>
<td>মেয়র মহোদয় পৌরসভার মাষ্টার রোল কর্মচারী মোঃ দিদার ও আবদুল মালেক মোল্লার মৃত্যুতে বাদ আসর মিলাদ-মহফিল ও দোয়ার আয়োজন এবং তাদের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন এবং প্রতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করেন।</td>
</tr>
<tr>
<td>৫</td>
<td>পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ</td>
<td>কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত জানুয়ারী’২০২৩খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়।<br><br>
<table>
<tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>০৩২০২৩/০১/</td><td>শ্রান্তি বিনোদন ভাতা</td><td>১৬-/৮০০,</td></tr>
<tr><td>০৩২০২৩/০১/</td><td>আর্থিক সাহায্য</td><td>৮-/০০০,</td></tr>
<tr><td>০৩২০২৩/০১/</td><td>আর্থিক সাহায্য</td><td>৮-/০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩/০১/</td><td>ডিসেম্বরমাসের মাষ্টাররোল কর্মচারীদের বেতন ২০২২/</td><td>৬৪-/০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩/০১/</td><td>আর্থিক সাহায্য</td><td>৫-/০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩/০১/</td><td>আর্থিক সাহায্য</td><td>৫-/০০০,</td></tr>
<tr><td>০৯২০২৩/০১/</td><td>মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার ০৭ নং ওয়ার্ডের কাউন্সিলার। ০৪ মাসের বকেয়া সন্মানী ভাতা</td><td>৩৬-/০০০,</td></tr>
<tr><td>১০২০২৩/০১/</td><td>কামরুল হুদা চৌঃ লামগ্র্যান্ড</td><td>৪০-/০০০,</td></tr>
<tr><td>১৬২০২৩/০১/</td><td>জানুয়ারীমাসের বিদ্যুৎ বিল ২০২৩/</td><td>২-/৭২৩,</td></tr>
<tr><td>১৮২০২৩/০১/</td><td>আপ্যায়ন বিল (২০২২/ডিসেম্বর)</td><td>১৪-/২৩০,</td></tr>
<tr><td>১৮২০২৩/০১/</td><td>ইলেকট্রিক হট কেটলি ক্রয় বিল</td><td>২-/৪০০,</td></tr>
<tr><td>১৮২০২৩/০১/</td><td>ছৈয়দ মুরতাজা আল আমিন ০৮ নং ওয়ার্ডের কাউন্সিলার। ০৩ মাসের বকেয়া সন্মানী ভাতা</td><td>২৭,০০০/-</td></tr>
<tr><td>২৩/০১/২০২৩</td><td>আর্থিক সাহায্য</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>২৩/০১/২০২৩</td><td>আর্থিক সাহায্য</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>২৩/০১/২০২৩</td><td>কর্মচারীদের মার্চ২০২/২ মাসের বেতন ও ভাতাদি</td><td>৭,০৫,৬০৮/-</td></tr>
<tr><td>২৩/০১/২০২৩</td><td>মো কামরুল হাসান (সঃপ্রঃ) নভেম্বর/২০২২ মাসের বেতন ও ভাতাদি</td><td>৪৮,৩৩০/-</td></tr>
<tr><td>২৩/০১/২০২৩</td><td>রিফাত জাহান ভুইঁয়া (উপ সঃপ্রঃ) নভেম্বর/২০২২ মাসের বেতন ও ভাতাদি</td><td>২৫,৫২০/-</td></tr>
<tr><td>২৩/০১/২০২৩</td><td>মেয়র ও কাউ বৃন্দের :আগষ্টমাসের সন্মানী ভাতা২০২২/</td><td>১-/০০০,৩৮,</td></tr>
<tr><td>২৪/০১/২০২৩</td><td>গীতা রানী দাস সংরক্ষিত ০১,০২,০৩ নং ওয়ার্ডের মহিলা কাউন্সিলার। ০২ মাসের বকেয়া সন্মানী ভাতা</td><td>১৮,০০০/-</td></tr>
<tr><td>২৪/০১/২০২৩</td><td>আর্থিক সাহায্য</td><td>২,০০০/-</td></tr>
<tr><td>২৪/০১/২০২৩</td><td>আর্থিক সাহায্য</td><td>৫,০০০/-</td></tr>
</table>
</td>
<td>মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে জানুয়ারী’২০২৩ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৩২ তারিখঃ ২৭/০২/২০২৩খ্রিঃ

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ**

১। জেলা প্রশাসক,লক্ষ্মীপুর।
২। জনাব............................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব..........................................................শাখা........................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।